

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি  
কার্যনির্বাহী পরিষদ-২০১৩

তারিখঃ ২২/০১/২০১৪

কার্যনির্বাহী পরিষদের সভা নং- ২০১৩/২৫ এর কার্যবিবরণী

অদ্য ২২/০১/২০১৪ তারিখ বুধবার দুপুর ১২ঃ৩০ ঘটিকায় বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কার্যনির্বাহী পরিষদ সমিতির সভাপতি অধ্যাপক ডঃ মোঃ জয়নুল আবেদীন এর সভাপতিত্বে একটি জরুরী সভায় মিলিত হয়।

সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

সিদ্ধান্তঃ

১. বর্তমান উপাচার্য মহোদয়কে বিভিন্ন অনুষ্ঠানে আমন্ত্রণ না করা প্রসঙ্গেঃ

আমরা উদ্বেগের সাথে লক্ষ্য করছি যে, সম্প্রতি বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের দু-একটি অনুষ্ঠানে বর্তমান উপাচার্য মহোদয়কে প্রধান / বিশেষ অতিথি হিসাবে আমন্ত্রণ জানান হয়েছে। এ প্রসঙ্গে গত ০৯.০৬.২০১২ইং তারিখে অনুষ্ঠিত শিক্ষক সমিতির সাধারণ সভার ২(খ) এর সিদ্ধান্তের প্রতি শিক্ষক সমিতির সকল সম্মানিয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

সিদ্ধান্ত ২(খ) (সাধারণ সভা ০৯.০৬.২০১২ইং)

১০/০৬/২০১২ইং তারিখ হতে বর্তমান উপাচার্য ও উপ-উপাচার্য পদত্যাগ না করা পর্যন্ত বিভিন্ন অনুষ্ঠানে (নবীন বরণ, বিদায় সম্বর্ধনা, খেলা, উদ্বোধন, ওয়ার্কশপ, সেমিনার, কনফারেন্স, বিভাগীয় সংসদ/এসোসিয়েশন ইত্যাদি) বর্তমান উপাচার্য ও উপ-উপাচার্যকে শিক্ষকগণ কর্তৃক আমন্ত্রণ না করা অথবা তাঁদের উপস্থিতিতে বা আমন্ত্রণে অংশগ্রহণ না করার সিদ্ধান্ত গৃহীত হয়।

এ প্রসঙ্গে উল্লেখ্য যে, বর্তমান উপাচার্য মহোদয়ের প্রতি শিক্ষকদের অনাস্থার বিষয়ে শিক্ষক সমিতির অবস্থানের কোন পরিবর্তন হয়নি। এই সিদ্ধান্তের পরিপন্থী কোন কার্যক্রম থেকে সকল শিক্ষকগণকে বিরত থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে। শিক্ষক সমিতি আশা করে যে, সমিতির সদস্যদের সম্মিলিত প্রচেষ্টায় বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি অক্ষুণ্ণ থাকবে।

পরিশেষে সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ হাফিজ হোসেন

অধ্যাপক ডঃ মোহাম্মদ আরিফ হাসান মামুন  
যুগ্ম-সম্পাদক

বিতরণঃ

- ১। সমিতির কার্যনির্বাহী পরিষদের সম্মানিত সদস্য/সদস্যাবৃন্দ।
- ২। পিএস টু ভিসি, মাননীয় উপাচার্যের সদয় অবগতির জন্য।

M. A. ২